

বোমাতঙ্ক: থাইল্যান্ডে জরুরি অবতরণ এয়ার ইন্ডিয়ার

- A Monitor Desk Report

Date: 14 June, 2025



ঢাকাঃ গুজরাটে উড়োজাহাজ বিধ্বস্তের ২৪ ঘণ্টা পার না হতেই এবার বোমাতঙ্কে জরুরি অবতরণ করলো এয়ার ইন্ডিয়ার দিল্লিগামী একটি ফ্লাইট।

শুক্রবার (১৩ জুন) থাইল্যান্ডের ফুকেট আন্তর্জাতিক বিমানবন্দরে জরুরি অবতরণ করে ফ্লাইটটি। নিরাপদে অবতরণের পর ফ্লাইটটিতে এখন বাধ্যতামূলক নিরাপত্তা পরীক্ষা চলছে।

এয়ারবাস এ৩২০এনইও মডেলের ফ্লাইটটিতে কতজন যাত্রী ছিলেন তা তাৎক্ষণিকভাবে নিশ্চিত হওয়া যায়নি।

এয়ার ইন্ডিয়ার একজন কর্মকর্তা জানিয়েছেন, উড্ডয়নের পর ফ্লাইটটি তার কাঙ্ক্ষিত উচ্চতায় পৌঁছানোর পর নিরাপত্তা সংক্রান্ত একটি অ্যালার্ট এলে পাইলট মাঝাকাশে ফ্লাইটটি ঘুরিয়ে ফুকেটে ফিরে আসেন।

লাইভ ফ্লাইট ট্র্যাকিং ওয়েবসাইট ফ্লাইট রাদারের তথ্য অনুযায়ী, এআই ৩৭৯ ফ্লাইটটি ফুকেট থেকে স্থানীয় সময় রাত ৯টা ৩০ মিনিটে উড্ডয়ন করে এবং দুপুর ১২টা ৪০ মিনিটে দিল্লিতে অবতরণের কথা ছিল। তবে এটি স্থানীয় সময় দুপুর পৌনে ১২টায় ফুকেট আন্তর্জাতিক বিমানবন্দরে ফিরে আসে।

এয়ার ইন্ডিয়ার কর্মকর্তা জানান, সব যাত্রীকে তাদের লাগেজসহ ফ্লাইট থেকে নামিয়ে আনা হয়েছে। নিরাপত্তা সংস্থাগুলো যাত্রী এবং লাগেজ সবই স্ক্যান করছে।

-B

